গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)
www.sesip.gov.bd

স্মারক নং-মাউশি/সেসিপ/SPSU/২-২৯৫/LSB/২০১৬/৩৮-৫৯ তারিখ: ০২.০৫.২০১৯ খ্রি.

বিষয়: সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা (LSBE) বিষয়ক ০৩ (তিন) দিনব্যাপী প্রশিক্ষণ আয়োজন।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম-এর আওতায় ২০১৮-১৯ অর্থবছরের প্রশিক্ষণ পরিকল্পনা অনুসারে মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা বিষয়ক ০৩ (তিন) প্রশিক্ষণ সংযুক্ত সূচি (সংলগ্নি 'ক') অনুসারে আগামী ০৯ মে ২০১৯ খ্রি. তারিখ হতে দেশব্যাপী ১৭ টি জেলা সদরে আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। প্রশিক্ষণ কর্মসূচি জেলা সদরে আয়োজিত হবে এবং জেলা শিক্ষা অফিসার কর্মসূচি বাস্তবায়নের সার্বিক দায়িত্ব পালন করবেন।

২। কর্মসূচি সঠিকভাবে পরিচালনার জন্য নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে অনুসরণ করতে হবে:

ক. বর্ণিত প্রশিক্ষণ কর্মসূচি জেলা সদরে জেলা শিক্ষা অফিসের তত্ত্বাবধানে আয়োজিত হবে। প্রোগ্রাম সমন্বয়ক হিসাবে জেলা শিক্ষা অফিসারের সাথে সংশ্লিষ্ট ভেন্যু প্রধান এবং ডিস্ট্রিক্ট ট্রেনিং কো-অর্ডিনেটর প্রতিদিন সম্মিলিতভাবে প্রোগ্রাম আয়োজনের দায়িত্ব পালন করবেন। প্রধান প্রশিক্ষক কর্মসূচি আয়োজনে সার্বিক সহযোগিতা করবেন। একজন কর্মকর্তা একদিনে একাধিক সম্মানী প্রাপ্য হবেন না।

খ. আনুমানিক ৪০ জন অংশগ্রহণকারীর জন্য একটি কক্ষের ব্যবস্থা করতে হবে। প্রতিটি ভেন্যুতে কর্মসূচি পরিচালনার জন্য একটি পৃথক নিয়ন্ত্রণ কক্ষ স্থাপন করতে হবে।

গ. প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠান থেকে ইত:পূর্বে সেসিপ-এর আওতায় জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা বিষয়ক প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকসহ সর্বোচ্চ ০৯ জন শিক্ষক এ প্রশিক্ষণের আওতায় আসবেন। একজন শিক্ষক কোনভাবেই একবারের বেশী প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন না। প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র ছাড়া কোন শিক্ষক কর্মসূচিতে অংশগ্রহণ করতে পারবেন না।

ঘ. কর্মসূচির জন্য যথাসম্ভব ০১টি ভেন্যু নির্বাচন করতে হবে। ভেন্যু নির্বাচনে পর্যাপ্ত আলো বাতাস, প্রক্ষালন ব্যবস্থা, যোগাযোগ ব্যবস্থা ও লজিস্টিক সুবিধাকে প্রাধান্য দিতে হবে।

ঙ. কর্মসূচি প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৫:০০ টা পর্যন্ত চলবে (দুপুরের নামাজ ও খাবারের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে, শুক্রবার মধ্যাহ্ন বিরতি ০১:০০ থেকে ২:৩০ পর্যন্ত হবে এবং কর্মসূচি বিকাল ৫:০০টার পরিবর্তে ৫:৩০ মিনিটে শেষ হবে)। রমজান মাসে কর্মসূচি প্রতিদিন সকাল ০৯:০০ টা থেকে বিকাল ৪:০০ টা পর্যন্ত চলবে (দুপুরের নামাজের জন্য ৩০ মিনিট এবং জুম্মার নামাজের জন্য ১ ঘন্টা বিরতি থাকবে)।

চ. মাস্টার ট্রেইনারগণ ম্যানুয়ালের সকল বিষয়বস্তু ৩ দিনের মধ্যে সম্পন্ন করবেন। কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকগণকে সংশ্লিষ্ট বিষয়ের পাঠ্যপুস্তক সঙ্গে আনার নির্দেশনা প্রদান করতে হবে।

ছ. কর্মসূচির ১ম দিনে দুপুর ১২ টার মধ্যে আবশ্যিকভাবে অংশগ্রহণকারী শিক্ষকদের বিষয়ভিত্তিক সংখ্যা (মহিলা ও পুরুষ বিভাজনসহ) এবং হাজিরা সিটের স্ক্যানড কপি **জাতীয় পরিচয়পত্রের নম্বরসহ** ই-মেইলে **spsu.training2017@gmail.com** প্রেরণ করতে হবে।

জ. **প্রশিক্ষণ কর্মসূচিতে অংশগ্রহণকারী শিক্ষকদের (মহিলা ও পুরুষ বিভাজনসহ) একটি ডাটাবেজ (Excel সিটে মোবাইল নাম্বারসহ ইংরেজিতে) তৈরি করে কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) দিনের মধ্যে spsu.training2017@gmail.com ই-মেইলে সফটকপি প্রেরণ করতে হবে। একইসাথে তা মাউশি'র EMIS এর Training Management Module এ Upload করতে হবে। প্রশিক্ষণ কর্মসূচির স্থিরচিত্র ধারণ করে কয়েকটি কপি প্রশিক্ষণার্থীদের তালিকার সাথে প্রেরণ করতে হবে।**

ঝ. প্রশিক্ষণ কর্মসূচিতে সংশ্লিষ্ট শিক্ষক/প্রশিক্ষক/কর্মকর্তাবৃন্দ শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত বাজেট (সংলগ্নি 'খ') অনুসারে ভাতাদি প্রাপ্য হবেন (বাজেট বরাদ্দ দ্রুততম সময়ের মধ্যে পাঠানো হবে)।

ঞ. প্রশিক্ষণ কর্মসূচি শেষ হওয়ার ০৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে খাতভিত্তিক সংক্ষিপ্ত ব্যয় বিবরণী (**Summary Expenditure Statement**) সংশ্লিষ্ট হিসাবরক্ষণ অফিস হতে প্রাপ্ত সমন্বয় আদেশের কপিসহ যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা বরাবর প্রেরণ করতে হবে। সমস্ত ব্যয় ভাউচারের কপি নিরীক্ষা কার্যক্রমের জন্য সংরক্ষণ করতে হবে।

ট. দুপুরের খাবারের পরিবর্তে নির্ধারিত ভাতা (নগদ অর্থ) প্রদান করতে হবে। সকাল ও বিকালের চা-এর ব্যবস্থা করতে হবে। তবে রমজান মাসে সকালে নাস্তা, দুপুরের খাবার ও বিকালের চা-এর পরিবর্তে নির্ধারিত ভাতা (নগদ অর্থ) প্রদান করতে হবে।

৩। প্রশিক্ষণ কর্মসূচি পরিচালনার পর উত্তোলিত অগ্রিম দ্রুততার সাথে বিধি মোতাবেক সমন্বয় করতে হবে।

৪। বর্ণিত কর্মসূচির মাস্টার ট্রেইনারগণের তালিকা সংশ্লিষ্ট জেলা শিক্ষা অফিসের ই-মেইল ঠিকানায় (পিডিএফ কপি) আগামী ০৬.০৫.২০১৯ খ্রি. তারিখ প্রেরণ করা হবে। জেলা শিক্ষা অফিসারগণ তালিকাভূক্ত মাস্টার ট্রেইনারগণের সাথে যোগাযোগের মাধ্যমে কর্মসূচিতে তাঁদের উপস্থিতি নিশ্চিত করবেন। অনিবার্য কারণে নির্বাচিত কোন মাস্টার ট্রেইনার কর্মসূচিতে অংশগ্রহণে অপারগ হলে রিজার্ভ হিসেবে তালিকাভূক্ত মাস্টার ট্রেইনারের সাথে যোগাযোগ করবেন। উল্লেখ্য যে, প্রধান প্রশিক্ষককে সার্বক্ষণিক ভেন্যুতে উপস্থিত থেকে অন্যান্য প্রশিক্ষক ও কো-অর্ডিনেটরগণকে প্রশিক্ষণ আয়োজনে সহায়তা প্রদান, প্রশিক্ষণ কার্যক্রমের সমন্বয় ও গুণগত মান নিশ্চিতকরণ, এবং **অবশ্যই প্রতিদিন ন্যূনতম ০১ টি সেশন (যেকোন একটি কক্ষে) পরিচালনা করতে হবে।**

৫। উক্ত কর্মসূচি সংক্রান্ত কোন বিষয়ে স্পষ্টীকরণের প্রয়োজন হলে ড. মো: মোরশীদুল হাসান, সহকারী পরিচালক (প্রোগ্রাম-২), টেলিফোন: ৯৫৫৫০০৭ অথবা মোহাম্মদ সাজ্জাদ হোসেন, প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২), টেলিফোন: ৯৫৭৩৮৪৩, এসপিএসইউ, সেসিপ এর সঙ্গে যোগাযোগ করা যেতে পারে।

২/৫/১৯

(মোঃ আবু ছাইদ শেখ)
অতিরিক্ত সচিব ও
যুগ্ম প্রোগ্রাম পরিচালক
টেলিফোন: ৯৫৫৩৭১২

জেলা শিক্ষা অফিসার :
বাগেরহাট, ব্রাহ্মণবাড়িয়া, চট্টগ্রাম, দিনাজপুর, ফরিদপুর, গাইবান্ধা, গাজীপুর, ঝালকাঠি, খুলনা, কুষ্টিয়া, মেহেরপুর, ময়মনসিংহ, নরসিংদী, পঞ্চগড়, রাজবাড়ী, সিলেট ও ঠাঁকুরগাঁও জেলা।

স্মারক নং-মাউশি/সেসিপ/SPSU/২-২৯৫/LSB/২০১৬/৩৮৫৯ তারিখ: ০২.০৫.২০১৯ খ্রি.

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃষ্টি আকর্ষণ- অতিরিক্ত সচিব (উন্নয়ন)]।
২. এ্যাডজুটেন্ট জেনারেল, বাংলাদেশ সেনাবাহিনী, ঢাকা ক্যান্টনমেন্ট, ঢাকা।
৩. প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৪. যুগ্মসচিব (মাধ্যমিক), শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫. চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৬. সদস্য (কারিকুলাম), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৭. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৮. পরিচালক, আঞ্চলিক কার্যালয়, মাউশি (সকল)।
৯. জেলা প্রশাসক, ----------------------------------(কর্মসূচি আয়োজনে সহযোগিতার অনুরোধসহ)।
১০. উপ-পরিচালক (সকল), সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা।
১১. অধ্যক্ষ ------------------------------ (কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১২. প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-৩), এসপিএসইউ, সেসিপ (**www.sesip.gov.bd** ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১৩. প্রধান শিক্ষক/সুপার----------------------------(কর্মসূচিতে অংশগ্রহণের প্রয়োজনীয় নির্দেশনা প্রদানের অনুরোধসহ)।
১৪. হিসাবরক্ষণ কর্মকর্তা, এসপিএসইউ, সেসিপ (সংশ্লিষ্ট জেলায় কর্মসূচি আয়োজনে প্রয়োজনীয় বরাদ্দ প্রদানের অনুরোধসহ)।
১৫. জনাব -------------------------(নির্ধারিত তারিখে যথাসময়ে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালনের অনুরোধসহ)।
১৬. সংরক্ষণ নথি।

Sajjad Hossain
02.05.2019

(মোহাম্মদ সাজ্জাদ হোসেন)
সহকারী অধ্যাপক ও
প্রজেক্ট অফিসার (প্রোগ্রাম-২)
টেলিফোন: ৯৫৭৩৮৪৩

শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ বিভাগ
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)
জেলাভিত্তিক **LSBE** প্রশিক্ষণসূচি-২০১৯

২য় পর্যায়

| SL | District SL | VENUE | Batch-1 9-11 May 2019 | | | Batch-2 12-14 May 2019 | | | Batch-3 15-17 May 2019 | | | Batch-4 18-20 May 2019 | | | Batch-5 21-23 May 2019 | | | Batch-6 24-26 May 2019 | | | Batch-7 27-29 May 2019 | | | Batch-8 30 May-1 Jun 2019 | | | Total | | | Remarks |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R | MT | NT | R+1 | MT+1 | |
| 1 | 1 | Bagerhat | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **1600** | 41 | 81 | |
| 2 | 7 | Brahmanbaria | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | | | | | | | | | | | | | **900** | 21 | 41 | |
| 3 | 10 | Chittagong | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **1600** | 41 | 81 | |
| 4 | 15 | Dinajpur | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **1600** | 41 | 81 | |
| 5 | 16 | Faridpur | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | | | | | | | | | | | | | **900** | 21 | 41 | |
| 6 | 18 | Gaibandha | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **1600** | 41 | 81 | |
| 7 | 19 | Gazipur | | | | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **1500** | 36 | 71 | |
| 8 | 24 | Jhalokati | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | | | | | | | | | | | | | **900** | 21 | 41 | |
| 9 | 28 | Khulna | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **1600** | 41 | 81 | |
| 10 | 31 | Kushtia | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | | | | | | | | | | **1000** | 26 | 51 | |
| 11 | 37 | Meherpur | 250 | 6 | 12 | 250 | 6 | 12 | 200 | 5 | 10 | | | | | | | | | | | | | | | | **700** | 18 | 35 | |
| 12 | 40 | Mymensingh | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **1600** | 41 | 81 | |
| 13 | 44 | Narsingdi | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | 225 | 5 | 10 | | | | | | | | | | | | | **900** | 21 | 41 | |
| 14 | 50 | Panchagarh | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | | | | | | | | | | **1000** | 26 | 51 | |
| 15 | 53 | Rajbari | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | | | | | | | | | | | | | | | | **600** | 16 | 31 | |
| 16 | 62 | Sylhet | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | **1600** | 41 | 81 | |
| 17 | 64 | Thakurgaon | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | 200 | 5 | 10 | | | | **1400** | 36 | 71 | |
| | | Total | **3350** | **81** | **162** | **3575** | **86** | **172** | **3525** | **85** | **170** | **3125** | **75** | **150** | **2225** | **55** | **110** | **1800** | **45** | **90** | **1800** | **45** | **90** | **1600** | **40** | **80** | **21000** | **529** | **1041** | |
| | | | **16** | | | **17** | | | **17** | | | **15** | | | **11** | | | **9** | | | **9** | | | **8** | | | | | | |

| P | NT | NPDW |
|---|---|---|
| 1 | 3350 | 16 |
| 2 | 3575 | 17 |
| 3 | 3525 | 17 |
| 4 | 3125 | 15 |
| 5 | 2225 | 11 |
| 6 | 1800 | 9 |
| 7 | 1800 | 9 |
| 8 | 1600 | 8 |
| Total | **21000** | **102** |

NT-Net Trainee/Teacher
MT- Master Trainer
R-Room
NPDW- Number of Batch, Districtwise
P- Batch Serial

সেকেন্ডারি প্রোগ্রাম সাপোর্ট ইউনিট
সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম

| ডকেট নম্বর | তারিখ |
|---|---|
| ১০১১ | ২৪/৩/১৯ |
| উপপরিচালক (প্রশাসন) | |
| উপপরিচালক (প্রোগ্রাম) | |
| উপপরিচালক (উপবৃত্তি) | |
| অফিস সেক্রেটারি | |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
উন্নয়ন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd

Urgent arrange training schedule! 24/3

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২০.০০১.১৮.১২৭

তারিখ: ১০ চৈত্র ১৪২৫
২৪ মার্চ ২০১৯

প্রাপক:
প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা

AD (P-2) 24.03

PO 24.3

বিষয়: **সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ)-এর আওতায় মাধ্যমিক পর্যায়ের শিক্ষকগণের জন্য 'জীবন দক্ষতাভিত্তিক শিক্ষা (LSBE) বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির বাজেট অনুমোদন।**

সূত্র: স্মারক নং-মাউশি/সেসিপ/এসপিএসইউ/২-৩০৯/২০১৭/৩৪৮৯, তারিখ: ৭/৩/২০১৯৮

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ) এর প্রস্তাব অনুসারে নিম্নোক্ত শর্তে বিষয়ক প্রশিক্ষণ কর্মসূচির ৬৫০ টি ব্যাচে মোট ৬৩,৪০,৩৬,০০০.০০ (তেষট্টি কোটি চল্লিশ লক্ষ ছত্রিশ হাজার মাত্র) টাকা প্রতি ব্যাচে ৯৭৫৪৪০.০০ (নয় লক্ষ পঁচাত্তর হাজার চারশত চল্লিশ) টাকার বাজেট নিম্নোক্ত বিভাজন অনুযায়ী নির্দেশক্রমে অনুমোদন করা হলো:

| প্রতি ব্যাচে প্রাক্কলিত ব্যয় | | | | | |
|---|---|---|---|---|---|
| ক্রম | ব্যয় খাত | একক | পরিমাণ | একক হার | মোট ব্যয় |
| ১.০ | সম্মানী/দৈনিক-ভাতা/ভ্রমণ-ভাতা | | | | |
| ১.১ | মাস্টার ট্রেইনারগণের সম্মানী (২*৫*৩+১*৩)[১] | জন/দিন | ৩৩ | ১০০০ | ৩৩০০০ |
| ১.২ | প্রশিক্ষণার্থীগণের প্রশিক্ষণ ভাতা (২০০*৩) | জন/দিন | ৬০০ | ৭০০ | ৪২০০০০ |
| ১.৩ | প্রোগ্রাম সমন্বয়কের সম্মানী (৩*৩)[২] | জন/দিন | ৯ | ১২০০ | ১০৮০০ |
| ১.৪ | মাস্টার ট্রেইনারগণের ভ্রমণ-ভাতা (রিটার্ন ট্রিপ)[৩](১১*১) | জন | ১১ | ১৫০০ | ১৬৫০০ |
| ১.৫ | প্রশিক্ষণার্থীগণের ভ্রমণ-ভাতা | জন | ২০০ | ৮০০ | ১৬০০০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১.৬ | প্রশিক্ষণার্থী ও মাস্টার ট্রেইনারগণের স্থানীয় যাতায়ত ভাতা (২০০*৩+১১*৩) | জন/দিন | ৬৩৩ | ১০০ | ৬৩৩০০ |
| ১.৭ | ওয়ার্ড প্রসেসরদের ভাতা (১*৩)[৪] | জন/দিন | ৩ | ৩০০ | ৯০০ |
| ১.৮ | সাপোর্ট সার্ভিসের ভাতা (৩*৩)[৫] | জন/দিন | ৯ | ২০০ | ১৮০০ |
| ২.০ | কর্মসূচি ব্যয় | | | | |
| ২.১ | প্রশিক্ষণ ভেন্যু ব্যবস্থাপনা (ব্যানার, ফটোকপি, কক্ষ পরিচ্ছন্নতা, খাবার পানি, টিস্যু বক্স, মনিটরিং ভিজিট[৬]ইত্যাদি) | প্রকৃত | | | ৫০০০ |
| ২.২ | প্রশিক্ষণকালীন লাঞ্চ (প্রশিক্ষণার্থী ৬০০ + মাস্টার ট্রেইনার ৩৩ + প্রোগ্রাম সমন্বয়ক ৯ + ওয়ার্ড প্রসেসর ৩ + সাপোর্ট সার্ভিস ৯) | জন/দিন | ৬৫৪ | ২৫০ | ১৬৩৫০০ |
| ২.৩ | প্রশিক্ষণকালীন সকাল ও বিকালের নাস্তা | জন/দিন | ৬৫৪ | ১০০ | ৬৫৪০০ |
| ২.৪ | প্রশিক্ষণার্থী, প্রশিক্ষক ও প্রোগ্রাম সমন্বয়কের ফোল্ডার, প্যাড, কলম ইত্যাদি (২০০+১৪)[৭] | জন/দিন | ২১৪ | ১৬০ | ৩৪২৪০ |
| ২.৫ | প্রশিক্ষণ সামগ্রী (পোস্টার পেপার, মার্কার, ফ্লীপচার্ট)[৮] | প্রোগ্রাম/ কক্ষ | ৫ | ২০০ | ১০০০ |

এরূপ ৬৫০টি ব্যাচে মোট ব্যায় ৬৫০*৯,৭৫,৪৪০.০০ (প্রতি ব্যাচের ব্যায়) = টাকা ৬৩,৪০,৩৬,০০০.০০ (তেষট্টি কোটি চল্লিশ লক্ষ ছত্রিশ হাজার মাত্র)।

**শর্তসমূহ:**

(ক) এ অর্থ ব্যয়ে সরকারি সকল বিধি বিধান যথাযথভাবে পালন করতে হবে;

(খ) প্রশিক্ষণ শেষে ব্যয় বিবরণী যথাসময়ে এ বিভাগে দাখিল করতে হবে;

(গ) বর্ণিত বিষয়ে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে এ জন্য ব্যয়কারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং

(ঘ) সেসিপ কর্তৃপক্ষ প্রশিক্ষণের ভেন্যু, তারিখ ও সময়সহ বিস্তারিত কর্মসূচি প্রশিক্ষণ শুরুর পূর্বেই এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন।

...

২৪-৩-২০১৯
নাসরীন মুক্তি
উপসচিব

নম্বর: ৩৭.০০.০০০০.০০০.২০.০০১.১৮.১২৭/১(৩)

তারিখ: ১০ চৈত্র ১৪২৫
২৪ মার্চ ২০১৯

অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল:

১) প্রোগ্রাম পরিচালক, সেসিপ ও মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা

২) যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেসিপ, শিক্ষা ভবন, ঢাকা

৩) অফিস, মাস্টার কপি

২৪-৩-২০১৯
নাসরীন মুক্তি
উপসচিব